গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং- ৩৪.০০.০০০০.০৪১.১১.০৪২.১৯-১২৬১

তারিখ : ০৬ ভাদ্র ১৪২৬ / ২১ আগস্ট ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নিম্নোক্ত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে অন-লাইনে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | হিসাবরক্ষক | গ্রেড-১২<br>টাকা ১১,৩০০-২৭,৩০০/- | ০১ (এক) টি | ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী;<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। | |
| ০২ | ডাটা-এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | গ্রেড-১৬<br>টাকা ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। | |
| ০৩ | ক্যাশ সরকার | গ্রেড-১৭<br>টাকা ৯,০০০-২১,৮০০/- | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। | |
| ০৪ | অফিস সহায়ক | গ্রেড-২০<br>টাকা ৮,২৫০-২০,০১০/- | ০৫ (পাঁচ) টি (রাজস্বখাতে স্থায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | নোয়াখালী, কুমিল্লা, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, নাটোর, যশোর, মাগুরা, পিরোজপুর এবং পটুয়াখালী জেলা ব্যতীত অন্য সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৫ | অফিস সহায়ক | গ্রেড-২০ টাকা ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি (নবসৃষ্ট, রাজস্বখাতে অস্থায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | নোয়াখালী, কুমিল্লা, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, নাটোর, যশোর, মাগুরা, পিরোজপুর এবং পটুয়াখালী জেলা ব্যতীত অন্য সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। | |

**আবেদন করার নিয়মাবলি ও শর্তাবলি :**

০১। ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://moys.teletalk.com.bd এই ওয়েবসাইট/লিংকে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র জমাদানের শুরুর তারিখ ও সময়: ০১/০৯/২০১৯ খ্রি. সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২১/০৯/২০১৯ খ্রি. বিকাল ০৫.০০ টা।

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র নির্ভুলভাবে Submit করা হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১-০৩ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য Teletalk এর সার্ভিস চার্জসহ ১১২/-(একশত বারো) টাকা এবং ০৪-০৫ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না''। মোবাইলে পরীক্ষার ফি প্রেরণের পদ্ধতি নিম্নরূপ :

প্রথম SMS: MOYS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: MOYS ABCDEF

Reply: Applicant's Name, Tk-............ will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MOYS<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: MOYS<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOYS YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MOYS Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://moys.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে MOYS<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: MOYS Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: MOYS<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: MOYS Help PIN 12345678 & send to 16222.

০২। ১২ তম গ্রেড হতে ২০ তম গ্রেডের নিয়োগ সংক্রান্ত সকল সরকারী নিয়মাবলি অনুসরণপূর্বক কেবল যোগ্য প্রার্থীর বরাবর প্রবেশপত্র প্রেরণ করা হবে।

০৩। আবেদনকারী যদি কোন তথ্য গোপন করে এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সেক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তাঁর নিয়োগাদেশ বাতিল করা হবে।

০৪। আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবী করলে তা গ্রহণযোগ্য হবে না।

০৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা নীতি এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৬। ০১/০৭/২০১৯ খ্রি. পর্যন্ত :
ক) সাধারণ প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বছর;
খ) মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।
গ) বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৭। আবেদনকারীগণকে লিখিত/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ /ডি.এ প্রদান করা হবে না।

০৮। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং উক্ত প্রার্থীদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার ছাড়পত্র সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।

১০। মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে (ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (গ) প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্রসহ প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি সাথে আনতে হবে। তাছাড়া কোটাধারীদের উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সদনপত্র প্রদর্শন করতে হবে এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১১। বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

স্বাক্ষরিত/-
(তসলিমা আক্তার)
যুগ্মসচিব
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।